



বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

BANGLADESH NGO FOUNDATION

Md. Sadar Ali Biswas

Managing Director

Phone:9886337

E-mail: md@ngofoundation.org.bd

মোঃ সদর আলী বিশ্বাস

ব্যবস্থাপনা পরিচালক

ফোনঃ ৯৮৮৬৩৩৭

ই-মেইলঃ md@ngofoundation.org.bd

ডিও নং-বিএনএফ/লাঃডকুঃ/যোগাযোগ/৪৫/০৮/৯৩০(৭৬২)

তারিখঃ ১৮/৭/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বৃক্ষরোপণ অভিযান-২০১৭

প্রিয় জনস্ব,

আপনি জেনে আনন্দিত হবেন যে, “অধিক বৃক্ষ, অধিক সমৃদ্ধিঃ হতে হবে সোচ্চার, সাগরের উচ্চতা বাড়ানো আর”-এ ভাবোদ্দীপনায় উদ্বুদ্ধ হয়ে আপনাদের সকলের সার্বিক সহযোগিতায় ২০১৫ খ্রিঃ ও ২০১৬ খ্রিঃ বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন যথাক্রমে মোট ২,৬৯,২৭৫ টি ও ১,৭০,৯৭১ টি বৃক্ষরোপণ করতে সক্ষম হয়েছে, যাহা সকল পর্যায়ে প্রশংসিত হয়েছে। এহেন একটি মহৎ অর্জনের জন্য আপনাদের সকলের প্রতি অভিনন্দন জ্ঞাপন করছি।

এ কর্মসূচিতে চলতি মৌসুমে প্রাতিষ্ঠানিকভাবে প্রতিটি সহযোগী সংস্থাকে নিজ অর্থায়নে কমপক্ষে ২৫০টি চারা (ফলজ, বনজ ঔষধি) এবং ব্যক্তিগতভাবে বৃক্ষরোপণ করতে হবে। যার মধ্যে অন্ততপক্ষে ১টি করে আগর, চম্পা, পদ্ম, অশ্বখ, সপ্তপর্ণ, বকুল, শিমুল, বেল, কদম বৃক্ষসমূহ রোপন করতে হবে। প্রস্তাবিত বৃক্ষরোপণ করে ছবিসহ এ ফাউন্ডেশনকে অবহিত করতে অনুরোধ জানানো হল। উল্লেখ্য যে, সমাজিক বৃক্ষরোপণ কার্যক্রমে উল্লেখযোগ্য ভূমিকা পালনের ক্ষেত্রে সহযোগী সংস্থাকে বিগত বছরের ন্যায় এ বছরও ফাউন্ডেশন কর্তৃক পুরস্কৃত করা হবে। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের বৃক্ষরোপণ অভিযান-২০১৭ সফল করার জন্য সকল সহযোগী সংস্থার সহযোগিতা ও অংশগ্রহণ ঐকান্তিকভাবে কামনা করছি। এসঙ্গে প্রেরিত হুকে তথ্যসমূহ প্রেরণের জন্য অনুরোধ জানানো হল।

শুভেচ্ছান্তে ,

আন্তরিকভাবে

(মোঃ সদর আলী বিশ্বাস)

প্রাপক

সহযোগী সংস্থার নির্বাহী পরিচালক/ প্রধান নির্বাহী (সকল)

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন
বৃক্ষরোপণ অভিযান-২০১৭
(তথ্য প্রেরণ সংক্রান্ত ছক)

সহযোগী সংস্থার নাম ও ঠিকানা	সংস্থার প্রধানের নাম, পদবী ও যোগাযোগ নম্বর	বৃক্ষরোপণের তারিখ	বৃক্ষরোপণের স্থান	বৃক্ষের জাত ও সংখ্যা (ফলজ, বনজ, ঊষধী, গোভাবর্ধনকারী)	রোপণকৃত মোট বৃক্ষের সংখ্যা	মন্তব্য

(প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা এবং তথ্য সংযুক্ত করা যাবে)

নির্বাহী প্রধানের স্বাক্ষরঃ
তারিখঃ